



## বাংলাদেশি মূলধারার সাংস্কৃতিক পরিবেশনা এবং খাবারের আয়োজন “দেশি খাই দেশি গাই”

বাংলা সংস্কৃতির সাথে মিশে আছে বাংলার গনমানুষের গান, বাংলার সুস্বাদু খাবার। সিডনীতে বাংলা সংস্কৃতির বিকাশ ও চর্চার প্রয়াসে গতবছরের মত এবারো আয়োজন করা হচ্ছে বাংলাদেশি মূলধারার সাংস্কৃতিক পরিবেশনা এবং খাবারের আয়োজন “দেশি খাই দেশি গাই” আগামী ৫ই নভেম্বর, ২০১৬, শনিবার সিডনীর ওয়াইলী পার্ক অ্যান্টিথিয়েটারে এই অনুষ্ঠান চলবে বিকেল ৩ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনায় থাকছে একুশে একাডেমী, ঐকতান, কবিতা বিকেল, প্রতীতি, ও বিশ্ববীনা – হারমনি উইথ টেগোর। খাবার পরিবেশনায় থাকছে খুশবু সুইটস্ এন্ড রেস্টুরেন্ট। অনুষ্ঠানটির সার্বিক আয়োজন ও তত্ত্বাবধানে রয়েছে দেশি খাই দেশি গাই, আমরা বাংলাদেশী এবং খুশবু। এটি সবার জন্য উন্মুক্ত একটি আয়োজন, এখানে কোন প্রবেশ মূল্য থাকছে না।

দেশি খাই দেশি গাই মূলতঃ একটি বৈষম্যহীন, অলাভজনক ও অরাজনৈতিক সাংস্কৃতিক প্রচেষ্টা যা বিদেশের মাটিতে দেশীয় খাবার ও দেশীয় ঐতিহ্য বিকাশের একটি মহতী উদ্যোগ। প্রতি বছর নভেম্বরের প্রথম শনিবার এর আয়োজন করা হয়। অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশীদের সমন্বয়ে বাংলা সংস্কৃতি প্রসার ও একটি বিশুদ্ধ সাংস্কৃতিক পরিমন্ডল তৈরি করাই মূলত এর লক্ষ্য। স্থানীয় শিল্পীদের প্রতিভা বিকাশের অনুপ্রেরনা দেয়া এবং প্রবাসে বেড়ে উঠা বাংলাদেশী প্রজন্মকে বাংলা খাবার ও বাংলা কৃষ্টি-ঐতিহ্যের সাথে পরিচয় ও বন্ধন অব্যাহত রাখতেই আমাদের এই প্রয়াস।

অনুষ্ঠানে আপনাদের সবাইকে আমন্ত্রন জানাচ্ছি। এই উদ্যোগের প্রচার ও প্রসারে আপনাদের সকলের সহযোগিতা প্রয়োজন। আমাদের ফেইসবুক পেইজ DKDG – তে লাইক দিয়ে আমাদের সঙ্গেই থাকুন।